১০/৮/২০০০

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৬......

# কোম্পানীগঞ্জে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে শিক্ষক কক্ষে ঢুকে বুকে পিস্তল ঠেকিয়ে হত্যা করেছে সন্ত্রাসীরা

কুমিল্লা, ৯ আগস্ট, সংবাদদাতা ॥ কুমিল্লার কোম্পানীগঞ্জে প্রকাশ্য দিবালোকে বুকে পিস্তল ঠেকিয়ে হত্যা করা হয়েছে এক কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে। অধ্যক্ষ সে সময় কলেজের ১২ জন শিক্ষকের সঙ্গে শিক্ষক কক্ষে কথা বলছিলেন। নৃশংস এ ঘটনার জন্য দায়ী করা হচ্ছে কোম্পানীগঞ্জের চিহ্নিত সন্ত্রাসী পিচ্চি কামালের ভাই এবং তাদের অপরাধী চক্রকে।

বৃহস্পতিবার দুপুরে কোম্পানীগঞ্জের বদিউল আলম কলেজে ঘটে এই নৃশংস ঘটনাটি। কলেজের ভারপ্রাপ্ত

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## কোম্পানীগঞ্জে কলেজের

(প্রথম পাতার পর)

অধ্যক্ষ সৈয়দ হাফিজ সরকার মারা যান সন্ত্রাসীদের গুলিতে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, বুধবার রাতে অজ্ঞাতনামা কয়েকজন বদিউল আলম কলেজের ছাত্র সংসদের ভিপি ও জিএসের কক্ষের তালা ভেঙ্গে ফেলে। দীর্ঘদিন ধরে একদল ছাত্র তা খুলে দেয়ার দাবি করছিল। বৃহস্পতিবার সকালে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজ সরকার তালা ভাঙ্গা দেখে সংশ্লিষ্ট থানায় দুপুর ১টার দিকে একটি লিখিত অভিযোগ করেন। এরপর কোম্পানীগঞ্জের চিহ্নিত সন্ত্রাসী পিচ্চি কামালের' ভাই বি. রহমান, ছাত্রলীগ নেতা দেলোয়ার; পরিবহন শ্রমিক ফিরোজ কলেজে গিয়ে হাফিজ সরকারকে হুমকি দিয়ে বলে, 'আমাদের নাম কেন থানায় দিলি?' হাফিজ সরকার তাদের নাম দেয়নি বলে জানানোর পর তারা বেরিয়ে যায় এবং পিছন দিয়ে এসে বি. রহমানের পিস্তল দিয়ে ছাত্রলীগ নেতা দেলোয়ার তাঁকে বুকে পিস্তল ঠেকিয়ে গুলি করে। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে দেবিদ্বার হাসপাতালে নেয়ার পথে তাঁর মৃত্যু হয়।

ঘটনার সময় কলেজের ১২ জন শিক্ষককে নিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজ সরকার কথা বলছিলেন। এ ব্যাপারে কেউ গ্রেফতার হয়নি।